

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর আঙুলের মাঝ থেকে পানি প্রবাহিত করার মাধ্যমে মহান আল্লাহ তাকে যে সম্মানিত করেছেন তার বর্ণনা

بَابِ مَا أَكْرَمَ اللَّهُ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ تَفْجِيرِ الْمَاءِ مِنْ بَيْنِ أَصابِعِهِ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، حَدَّتَنَا أَبُو الْجَوَّابِ، عَنْ عَمَّارِ بْنِ رُزَيْقٍ، عَنْ الْأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللهُ عَنْهُ، قَالَ: زُلْزِلَتْ الْأَرْضُ عَلَى عَهْدِ عَبْدِ اللَّهِ مَنْ اللهُ عَنْهُ، قَالَ: إِنَّا كُنَّا أَصْحَابَ مُحَمَّدٍ صَلِّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ نَرَى الْآيَاتِ بَرَكَاتٍ، وَأَنْتُمْ تَرَوْنَهَا تَخْوِيفًا، بَيْنَا نَحْنُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ إِذْ حَضَرَتْ الصَّلَاةُ وَلَيْسَ مَعَنَا مَاءً إِلَّا يَسِيرٌ، " فَدَعَا رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عِلَى أَهْلِ الْوَضُوءِ، وَالْبَرَكَةُ مِنْ اللَّهِ "، قالَ: فَأَقْبَلَ النَّاسُ فَتَوَضَّنُوا، وَجَعَلْتُ لَا هَمْ لِي إِلَّا مَا أُدْخِلُهُ بَطْنِي لِقَوْلِهِ: " وَالْبَرَكَةُ مِنْ اللَّهِ "، فَحَدَّثْتُ بِهِ سَالِمَ بْنَ وَجَعَلْتُ لَا هَمْ لِي إِلَّا مَا أُدْخِلُهُ بَطْنِي لِقَوْلِهِ: " وَالْبَرَكَةُ مِنْ اللَّهِ "، فَحَدَّثْتُ بِهِ سَالِمَ بْنَ وَجَعَلْتُ لَا هَمْ لِي إِلَّا مَا أُدْخِلُهُ بَطْنِي لِقَوْلِهِ: " وَالْبَرَكَةُ مِنْ اللَّهِ "، فَحَدَّثْتُ بِهِ سَالِمَ بْنَ وَجَعَلْمَ الْجَعْد، فَقَالَ: كَانُوا خَمْسَ عَشْرَةَ مِنَّةٍ

حدیث صحیح

## বাংলা

৩০. আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন: আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুর সময় একদা ভূমিকম্প হল। তখন তাকে এ খবর দিলে তিনি বললেন: আমরা মুহাম্মদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাহাবীগণ এ সকল নিদর্শনকে বরকতের বিষয় বলে মনে করতাম, আর তোমরা একে ভীতি প্রদর্শনকারী নিদর্শন হিসেবে গণ্য কর। একদা আমরা রাসূলুল্লাহ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাথে কোন এক সফরে ছিলাম, তখন সালাতের সময় এসে গেল, কিন্তু আমাদের সাথে সামান্য পানি ব্যতীত কোন পানিই ছিল না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি পাত্রে করে সেই পানিটুকু নিয়ে আসতে বললেন এবং সেই পাত্রে



তিনি তাঁর হাতের তালু স্থাপন করলেন। তখন তাঁর হাতের আঙ্গুলসমূহের মাঝ থেকে পানি প্রবাহিত হতে লাগল। তারপর তিনি ডেকে বললেন: 'ওযুর পানি প্রার্থীগণ এদিকে এসো। আর বরকত তো আল্লাহর পক্ষ থেকেই হয়ে থাকে।' তখন লোকেরা উপস্থিত হয়ে ওযু করতে লাগল। আমি কেবল যা পান করতে পারলাম তা ব্যতীত নিজের ব্যাপারে পানির জন্য চিন্তা করিনি, শুধু তাঁর একথার জন্য, 'বরকত তো আল্লাহর পক্ষ থেকেই হয়'।

(উর্ধ্বতন রাবী বলেন) আমি এ হাদীস সালিম বিন আবুল জা'দ-এর নিকট বর্ণনা করলাম। তখন তিনি বললেন: তারা ছিলেন পনেরশ' জন। [1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: হাদীসটি সহীহ।

তাখরীজ: পাওয়া যায়নি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন